

বেলকুচি উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির জুলাই/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ : ০৯-০৭-২০১৮ খ্রি, সময় : বেলা : ১১.৩০ ঘটিকা

উপস্থিতি: পরিশিষ্ট “ক” (হাজিরার ক্রমানুসারে)


সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্য ও সুধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা সভাকে জানান, মানব পাচার বিষয়ে সকলেই এখন সতর্ক হয়েছে। এবিষয়ে আর কোন মামলা হচ্ছে না। মানব পাচার বিষয় যতি কোন তথ্য পাওয়া যায় তা পুলিশ বিভাগকে অবহিত করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।

অতঃপর সভায় মানব পাচার প্রতিরোধ বিষয়ে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	প্রচারণা ও সচেতনতা সৃষ্টি	বেলকুচি উপজেলায় সকল স্কুল, কলেজ এবং মাদ্রাসায় পাঠ দানের পাশাপাশি মানব পাচার প্রতিরোধ বিষয়ে এবং মানব পাচারের কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণা চালিয়ে যাওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল) মাধ্যমিক শিক্ষা অফিসার
২	উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক মানব পাচার সংক্রান্ত তথ্য	উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক মানব পাচার সংক্রান্ত সভা অব্যাহত রাখতে হবে এবং কোন নতুন তথ্য পেলে তা সাথে সাথে প্রশাসনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, বেলকুচি পৌরসভা, ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)
৩	প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধি	অত্র উপজেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষার্থীরা যাতে মানব পাচার বিষয়ে সচেতন হয় এ জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মানবপাচার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসার
৪	পুলিশি অভিযান অব্যাহত রাখা	যাদের বিরুদ্ধে মানব পাচারের অভিযোগ এবং মামলা রয়েছে কিংবা পলাতক রয়েছে তাদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা এবং মানব পাচার সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, বেলকুচি থানা।
৫	বিবিধ	মানব পাচার রোধকল্পে বিভিন্ন সভায় ও স্কুলগামী ছাত্রছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এসিডি এনজিও

সভাপতি উপজেলায় মানব পাচার নিয়ন্ত্রণ কার্যক্রম আরো জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, বেলকুচি থানা ও উপজেলার গণ্যমান্য ব্যক্তি, রাজনৈতিক দলের নেতা কর্মী, জনপ্রতিনিধি, সাংবাদিক ও সর্বস্তরের জনগণকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


(মোঃ ওলিউজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা মানব পাচার নিয়ন্ত্রণ কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ
ফোন নং ০৭৫২২-৫৬৪৫৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

স্মারক নং- ০৫.৪৩.৮৮১১.০০১.৪৩.০০৬.১৭-৮৯৫(৪০)-

তারিখ: ১০/০৭/২০১৮ খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জনাব আলহাজ্ব মোঃ আব্দুল মজিদ মন্ডল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬ সিরাজগঞ্জ-৫।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ ও উপদেষ্টা।
- ৫। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৮। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
- ৯। উপজেলা,.....অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১০। চেয়ারম্যান/সচিব, বেলকুচি সদর/রাজাপুর/ভান্ডাবাড়ি/দৌলতপুর/ধুকুরিয়াবেড়া/বড়ধূল ইউ, পি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১১। সভাপতি/সম্পাদক, বেলকুচি প্রেস ক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১২। জনাব,.....।
- ১৩। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৪। অফিস নথি।


উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ